# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৩২

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ আল্লাহর নবী দাঊদ আলাইহিস সালামের সিয়ামের উপর সীমিত থাকা সম্পর্কে বর্ণনা

ذِكْرُ الْإِخْبَارِ عَنِ اقْتِصَارِ الْمَرْءِ عَلَى صِيَامِ نَبِيِّ اللَّهِ دَاوُدَ عَلَيْهِ السَّلَامُ

আরবী

3632 ـ أَخْبَرَنَا شَبَابُ بْنُ صَالِحٍ قَالَ: حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ قَالَ: أَخْبَرَنَا خَالِدٌ عَنْ خَالِدٍ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ أَبِي الْمَلِيحِ قَالَ: دَخَلْتُ عَلَى عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو فَحَدَّثَنَا إن رسول الله صلى الله عليه وسلم ذُكِرَ لَهُ صَوْمِي فَدَخَلَ عَلَيَّ وَأَلْقَيْتُ وِسَادَةً مِنْ أَدَمٍ حَشْوُهَا لِيفٌ فَجَلَسَ عَلَى الْأَرْضِ وَصَارَتِ الْوِسَادَةُ فِيمَا بَيْنِي وَبَيْنَهُ فَقَالَ: (أَمَا يَكْفِيكَ مِنْ كُلِّ شَهْرٍ ثَلَاثٌ)؟ قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ قَالَ: (خَمْسٌ) قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ قَالَ: (سَبْعٌ) قُلْتُ يَا رَسُولَ اللَّهِ قَالَ: (تِسْعٌ) قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ قَالَ: (إِحْدَى عَشْرَةَ) قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ قَالَ: (لَا صَوْمَ فَوْقَ صَوْمِ دَاوُدَ شطرُ الدَّهْرِ صيام يوم وإفطار يوم)

الراوي : أَبُو الْمَلِيحِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3632 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق الرغيب)) (2/ 88): ق.

বাংলা

৩৬৩২. আবুল মালীহ থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমার কাছে গেলে তিনি আমাদের কাছে হাদীস বর্ণনা করেন, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আমার সিয়ামের কথা আলোচনা করা হয়, অতঃপর তিনি আমার কাছে আসেন। ফলে আমি হেলান দিয়ে বসার জন্য তাকিয়া পেশ করলাম। তাকিয়াটি চামড়ার তৈরি ছিল, ভিতরে খেজুরের ছাল-বাকল ছিল। অতঃপর তিনি মাটিতে বসেন, ফলে তাকিয়াটি তাঁর ও আমার মাঝে থেকে যায়। অতঃপর তিনি বলেন, “প্রত্যেক মাসে তিনটি করে সিয়াম কি তোমার জন্য যথেষ্ট নয়?” আমি বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম!” তিনি বলেন, “সাতটি।” আমি বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম!” তিনি বলেন, “নয়টি।”

আমি বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম!” তিনি বলেন, “এগারোটি।” আমি বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম!” তিনি বলেন, “দাউদ আলাইহিস সালামের চেয়ে বেশি কোন সিয়াম নেই; অর্ধ যামানা অর্থাৎ একদিন সিয়াম রাখা একদিন সিয়াম ছেড়ে দেওয়া।” [1]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ৬২৭৭; সহীহ মুসলিম: ১১৫৯; তাহাবী: ২/৮৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ২/৮৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ মালীহ্‌ আল হুযালী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92968

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন